[illegible]

[illegible]

Job Category: Administration/General Management

Job Source: [illegible]

Job Summary

Posted On: 17 Jan 2025

Application Deadline:18 Feb 2025



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY
Website: www.biwta.gov.bd
Facebook Page: www.facebook.com/biwta1958
বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, পোষ্ট বক্স-৭৬, ঢাকা-১০০০, বাংলাদেশ
BIWTA BHABAN, 141-143 MOTIJHEEL C/A,
POST BOX 76, DHAKA-1000, BANGLADESH

Fax: 880-2-9551072
Grams: AUTHORITY
Phones : 9556151-55
9555042

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭(অংশ-১)/৮৫

তারিখ-১৪/০১/২০২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২৫

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এর নিম্নবর্ণিত ৪৭ ক্যাটাগরির ২৩৬টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১	সহকারী পরিচালক (মানব সম্পদ), সহকারী পরিচালক (ওএন্ডএম), সহকারী পরিচালক (যানবাহন), সহকারী পরিচালক (সমন্বয়), সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসনিক কর্মকর্তা, সহকারী পরিচালক (শ্রম ও কল্যাণ), নৌকর্মচারী কর্মকর্তা, সহকারী পরিচালক (নৌ ও ক্রয়), সহকারী পরিচালক (বন্দর), সহকারী পরিচালক (নৌনিরাপত্তা ও ট্রাফিক, সহকারী পরিচালক (বৈদেশিক পরিবহন), সহকারী বন্দর কর্মকর্তা, ল্যান্ড অফিসার ল্যান্ড এ্যাকুইজিশন অফিসার, সমন্বয় কর্মকর্তা।	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	০৬	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।
০২	সহকারী পরিচালক (মেরিন সেফটি)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	০৩	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নৌ-যান ও নৌ-যন্ত্র কৌশলে বা নৌ-স্থাপত্যে ১ম শ্রেণির স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	সহকারী প্রকৌশলী	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	১২	পুর-কৌশল অথবা পানি সম্পদ এ স্নাতক প্রকৌশলী অথবা একই বিষয়ে এ, এম, আই, ই হতে সার্টিফিকেট।
০৪	নদী জরিপকারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বছর	০৬	স্নাতক পর্যায়ে অংকসহ হাইড্রোগ্রাফি/ওসানোগ্রাফিতে স্নাতক অথবা পদার্থ/ রসায়ন/গণিত/ভূগোল/ভূ-প্রকৃতি বিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রি। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবিশকাল ২ বছর হবে যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের উপর চাকুরীতে আত্মীকরণ করা হবে।
০৫	সহকারী নৌ-স্থপতি এবং প্রকল্প কর্মকর্তা	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	০২	নৌ-স্থাপত্য এবং নৌ-প্রকৌশলে স্নাতক ডিগ্রী।
০৬	সহকারী টাইডাল এনালিস্ট	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বছর	০১	স্নাতক পর্যায়ে গণিতসহ টাইডাল সায়েন্সে স্নাতক অথবা পদার্থ/ভূ-প্রকৃতি বিদ্যা/গণিত পরিসংখ্যানে স্নাতকোত্তর ডিগ্রী। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবিশকাল ২ বছর হবে, যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফল এর উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভর করবে।
০৭	সহকারী তড়িৎ প্রকৌশলী/সহকারী তড়িৎ প্রকৌশলী (ডেকা চেইন)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বছর	০৩	ইলেকট্রোনিক্স/ইলেকট্রিক্যালে বিএসসি(ইঞ্জিঃ) ডিগ্রী অথবা এ.এম.আই.ই (ইলেকট্রোনিক্স/ইলেকট্রিক্যাল); অথবা ফলিত পদার্থ (ইলেকট্রোনিক্স) এ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সেনা/নৌ/বিমান বাহিনীর সংশ্লিষ্ট শাখার সদস্য যিনি পদমর্যাদায় বিমান বাহিনীর ওয়ারেন্ট অফিসারের সমকক্ষ হবেন; অথবা ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিক্স এ ডিপ্লোমা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট চাকুরীতে ৭ বছরের অভিজ্ঞতা। সরাসরি নিয়োগকৃত প্রার্থীগণের শিক্ষানবিশকাল ২ বছর হবে, যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভর করবে।
০৮	প্রধান প্রশিক্ষক (ইঞ্জিন)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২৭-৪০ বছর	০১	এফজি-ক্লাস-২ ইঞ্জিন সনদধারী অথবা এফজি-ক্লাস-৩ ইঞ্জিন সনদধারীসহ সংশ্লিষ্ট কর্মে ১০ (দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা।
০৯	সহকারী নৌ-প্রকৌশলী, সহকারী যান্ত্রিক প্রকৌশলী, জেনারেল ফোরম্যান এবং ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার (ডিজেল)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	১০	মেকানিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী।
১০	সহকারী প্রোগ্রামার	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	অনূর্ধ্ব ৩২ বছর	০১	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।
১১	উর্ধ্বতন প্রশিক্ষক (ডেক)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৪০ বছর	০১	১। Higher Education Test (H.E.T) অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ নৌ-বাহিনীর চীফ পেটী অফিসার (সী-ম্যান ব্রাঞ্চ)। অথবা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় উত্তীর্ণ এবং ৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির ইনল্যান্ড মাষ্টারশীপ সনদপ্রাপ্ত অথবা ১ম শ্রেণির ইনল্যান্ড মাষ্টারশীপ সনদপ্রাপ্ত এবং জাহাজে ইনচার্জ মাষ্টার অথবা উর্ধ্বতন মাষ্টার পাইলট হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। ২। ইংরেজী লেখা ও বলার ক্ষেত্রে ভাল দখল থাকতে হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগের পর ডিইপিটিসি হতে ১ (এক) বৎসর শিক্ষানবিশ কোর্স সাফল্যজনকভাবে সমাপ্তির পর চাকুরী স্থায়ী করা হবে।
১২	উর্ধ্বতন প্রশিক্ষক (ইঞ্জিন)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৪০ বছর	০২	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) সার্টিফিকেট এবং খ) ক্লাস-৩ ইঞ্জিন (এফজি) সনদ অথবা ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ক্লাস-৪ ইঞ্জিন (এফজি) সনদ এবং খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা।
১৩	প্রশিক্ষক (ড্রেজার)	জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১১শ গ্রেডভুক্ত টাকা ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বছর	০১	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং খ) ১ম শ্রেণি ইনল্যান্ড মাষ্টার সনদ/ড্রাইভার সনদ এবং গ) লিভারম্যান হিসেবে ন্যূনপক্ষে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা।
১৪	প্রশিক্ষক (ডেক)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১শ গ্রেডভুক্ত টাকা ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বছর	০৩	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) অথবা Higher Education Test (H.E.T) সনদপ্রাপ্তসহ বাংলাদেশ নৌ-বাহিনীর সী- ম্যান শাখায় ১০(দশ) বৎসরের চাকুরী, যাহার মধ্যে লিডিং সী-ম্যান শিক্ষানবিস থাকাকালীন সময়ে ২য় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অর্জনসহ উক্ত পদে ৩(তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস. সি) পরীক্ষায় উত্তীর্ণসহ ২য় শ্রেণির ইনল্যান্ড মাষ্টার সনদপ্রাপ্ত।
১৫	প্রশিক্ষক (ইঞ্জিন)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১শ গ্রেডভুক্ত টাকা ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বছর	০২	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট; এবং খ) ক্লাস-৪ ইঞ্জিন(এফজি) সনদ অথবা ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ক্লাস-৫ ইঞ্জিন (এফজি) সনদ এবং খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা। অথবা উচ্চ মাধ্যমিক পাশসহ আইএমই পদে/ বাংলাদেশ নৌবাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় আইএমই/এলএমই পদে ন্যূনতম ১৫(পনের) বছরের চাকুরির অভিজ্ঞতা।
১৬	এসাইনমেন্ট অফিসার, সহকারী ক্রয় কর্মকর্তা, সহকারী সংরক্ষণ কর্মকর্তা, সহকারী সমন্বয় কর্মকর্তা, সহকারী উন্নয়ন কর্মকর্তা, পরিবহণ পরিদর্শক	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১শ গ্রেডভুক্ত টাকা ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	০৮	স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২ বছরের অভিজ্ঞতাসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি।
১৭	এসএসবি অপারেটর/ ওয়ারলেস অপারেটর	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২তম গ্রেডভুক্ত টাকা ১১,৩০০-২৭,৩০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	এসএসসিসহ ট্রেড সার্টিফিকেট। অথবা সশস্ত্র বাহিনী হতে সমমানের সনদপত্রসহ ২য় গ্রেডের ওয়ারলেস অপারেটিং সার্টিফিকেট।
১৮	সাঁটলিপিকার (ব্যক্তিগত সহকারী)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডভুক্ত টাকা ১১,০০০-২৬,৫৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৩	উচ্চ মাধ্যমিক পাস। মিনিটে কমপক্ষে যথাক্রমে বাংলায় ৫০ এবং ইংরেজিতে ৮০ শব্দের শর্টহ্যান্ড এবং বাংলা টাইপে ২৫ ও ইংরেজি টাইপে ৩০ শব্দ কাজ করার দক্ষতা থাকতে হবে।
১৯	কনিষ্ঠ নদী জরিপকারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডভুক্ত টাকা ১১,০০০-২৬,৫৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩২ বছর	০৬	গণিতসহ বি, এ, ডিগ্রি অথবা পদার্থ, রসায়ন ও গণিতসহ বি, এস, সি, ডিগ্রি। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবিসকাল ২ বছর হবে। যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল এর উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভরশীল থাকবে।
২০	কম্পিউটার অপারেটর	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডভুক্ত টাকা ১১০০০-২৬৫৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	অনূর্ধ্ব ৩২ বছর	০৬	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ; এবং খ) কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ এ বর্ণিত অন্যান্য শর্তাবলীসহ গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ (কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে)
২১	তত্ত্বাবধায়ক-কাম-রক্ষণাবেক্ষণকারী, গুদাম সহকারী ও সহকারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪তম গ্রেডভুক্ত ১০,২০০-২৪,৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৩	স্নাতক ডিগ্রি।
২২	ট্রাফিক সুপারভাইজার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	১৬	উচ্চমাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৩	বার্দিং সারেং	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	১৩	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৪	অভ্যর্থনাকারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৫	শুল্ক আদায়কারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৯	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৬	দূরালাপনী কর্মচারী (টেলিফোন অপারেটর)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৭	মানচিত্র সহকারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৮	গুদামরক্ষক (ষ্টোর কিপার)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৬	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
২৯	শপ সহকারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।
৩০	ড্রাইভার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৩	এসএসসি পাসসহ মটর গাড়ী চালনার লাইসেন্স ইস্যুর তারিখ হতে আবেদনের শেষ তারিখে অভিজ্ঞতা এবং লাইসেন্সের মেয়াদ ন্যূনতম ০৩ বছর হতে হবে।
৩১	স্যালভেজ ক্রেন ড্রাইভার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	এসএসসি পাসসহ ক্রেন ড্রাইভার হিসাবে ভাসমান ক্রেন চালনার ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।
৩২	অফিসার্স কুক	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	এসএসসি পাসসহ প্রাচ্য ও ইউরোপীয় খানা রন্ধনের অভিজ্ঞতা
৩৩	ষ্টুয়ার্ড	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	এসএসসি পাসসহ প্রাচ্য ও ইউরোপীয় কায়দায় খানা পরিবেশন ও ষ্টোরের হিসাব রাখার অভিজ্ঞতা।
৩৪	ওয়েল্ডার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৪	এসএসসি-সহ ওয়েল্ডিং কাজে ৩ বছরের অভিজ্ঞতা অথবা অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে ৪ মাস মেয়াদী কোর্স পাসের সনদপত্র।
৩৫	লিফট মেকানিক	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে ৪ মাস মেয়াদী কোর্স পাসের সনদপত্র।
৩৬	ট্রেসার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি	১৮-৩২ বছর	০১	উচ্চ মাধ্যমিক পরীক্ষা ন্যূনতম দ্বিতীয় বিভাগে পাস এবং সুন্দর হাতের লেখা হতে হবে।
৩৭	মেডিক্যাল এটেনডেন্ট	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	এসএসসি পাস এবং কম্পাউন্ডারশীপ সনদসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩৮	ডেমোনেস্ট্রেটর (ওয়ার্কশপ) (ডেক/ইঞ্জিন)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	অনূর্ধ্ব ৩২ বছর	০১	ডিইপিটিসি হতে ১(এক) বছর মেয়াদী ইঞ্জিন কোর্স সনদধারী, এইচ.এস.সি. পাশসহ ১ম শ্রেণির ইনল্যান্ড ড্রাইভার সনদ থাকতে হবে। অথবা বিআইএমটি হতে মেরিন ইঞ্জিন ডিপ্লোমা এবং চাকুরীকালীন সময়ে ২য় শ্রেণির ইনল্যান্ড সনদ লাভ করতে হবে। অথবা এইচ.এস.সি. পাশসহ বাংলাদেশ নৌ-বাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় এলএমই পদে কমপক্ষে ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।
৩৯	নিম্নমান সহকারী, সময় রক্ষক এবং সহকারী কোষাধ্যক্ষ	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি	১৮-৩২ বছর	০৫	উচ্চ মাধ্যমিক (বাণিজ্য) পাসসহ টাইপিংয়ে জ্ঞান।
৪০	গ্রীজার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৭তম গ্রেডভুক্ত টাকা ৯,০০০-২১,৮০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	৩৬	এসএসসি অথবা সমমানের যোগ্যতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কিছু অভিজ্ঞতা।
৪১	ভান্ডারী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	২৩	এসএসসি/সমমানের পাসসহ খাদ্য পাক করার জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
৪২	গেজ রীডার	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৭	এসএসসি/সমমানের পাস। প্রার্থীদের অবশ্যই সুন্দর হাতের লেখা এবং ভাল স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৪৩	দপ্তরী	জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২৭-৩২ বছর	০১	এস, এস, সি পাস।
৪৪	অফিস সহায়ক	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৩	এসএসসি/সমমানের পাস।
৪৫	শুল্ক প্রহরী	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০৪	এসএসসি/সমমানের পাস।
৪৬	লিফট অপারেটর	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	০১	এসএসসি/সমমানের পাসসহ লিফট চালনার ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা।
৪৭	তোপাষ	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩২ বছর	১১	এসএসসি/সমমানের পাসসহ পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে অভিজ্ঞতা।

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলীঃ

০১। **বয়স সংক্রান্তঃ**

(ক) ০১/০১/২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, বয়স নির্ধারণের ক্ষেত্রে আবেদনের শেষ তারিখের মধ্যে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন/অধ্যাদেশ প্রযোজ্য হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

(খ) বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য (শুধুমাত্র বিআইডব্লিউটিএ'তে কর্মরতদের জন্য প্রযোজ্য)।

(গ) মহামান্য আদালতের আদেশ অনুযায়ী রীট পিটিশন নং-৭৯২৯/২০১৫, রীট পিটিশন নং-৫০২০/২০১৮, রীট পিটিশন নং-৮৫৪৭/২০১৮, রীট পিটিশন নং-৭৭৩৯/২০১৮, রীট পিটিশন নং-৩৬০৯/২০১৯, রীট পিটিশন নং-৬৯৫৩/২০১৯ রীট পিটিশন নং-৪৬৯৯/২০২২ এবং রীট পিটিশন নং-৫৫২১/২০২২ এর বাদীগণের জন্য আবেদনের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;

(১৩-এর পাতায় দেখুন)

(১২-এর পাতার পর)

০২। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে Application Form-এ উল্লেখ করতে হবে।

০৩। প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র Upload করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রমাণক হিসেবে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১(এক) সেট ফটোকপি জমা দিতে হবেঃ

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদসহ);
খ) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি। ০৬ (ছয়) মাসের অধিক পুরাতন ছবি গ্রহণযোগ্য নহে;
গ) জাতীয় পরিচয় পত্র (NID / Smart Card) না থাকলে জন্ম নিবন্ধন সনদ কিংবা পাসপোর্ট এই তিনটির অন্তত: একটি অবশ্যই নিয়ে আসতে হবে;
ঘ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত) নাগরিকত্বের সনদ;
ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
চ) প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটাভুক্ত হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এবং উক্ত ওয়েবসাইটে সর্বশেষ সত্যক্ষিত/প্রদর্শিত তালিকার যেকোন একটি প্রমাণক দাখিল করবেন। এক্ষেত্রে কোন প্রকার সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের সনদ প্রযোজ্য হবে না। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদনকারী-কে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক বিষয়ে সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ও স্বাক্ষরিত মূল সনদপত্র দাখিল করতে হবে;
ছ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি;
জ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;
ঝ) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি;
ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
ট) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

০৪। চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে বা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অনাপত্তি/অব্যাহতি পত্র দাখিল করতে হবে।

০৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে। সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সনদ জমা দিতে হবে।

০৬। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮। লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। বিশেষ নির্দেশনাঃ

ক) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তি সংশোধন, পরিবর্তন, পরিমার্জন এবং বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
খ) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/সংশোধন করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোন কারণে নিয়োগের যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল বা সংশোধন করা হলে দরখাস্তকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করতে পারবেন না বা দাবী করলেও তা আইনানুগভাবে গৃহীত হবে না;
গ) একাধিক পদের পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হতে পারে;
ঘ) ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৩/২০২০; তারিখ-০৫/১০/২০২০ এর সহকারী প্রকৌশলী পদে, নিয়োগ বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০; তারিখ-১০/১১/২০২০ ও পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি নং-০৩/২০২৩; তারিখ-০৪/০৫/২০২৩ এর সহকারী প্রোগ্রামার পদে, নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩; তারিখ-০৯/০৬/২০২৩ এর সহকারী নৌ-প্রকৌশলী, সহকারী যান্ত্রিক প্রকৌশলী, জেনারেল ফোরম্যান এবং ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার (ডিজেল) পদে এবং নিয়োগ নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২৩; তারিখ-১৩/০৩/২০২৩ এর গেজ রীডার পদে আবেদনকারী প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই ।

১০। ঘোষণা (Declaration)

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ঘোষণা (Declaration) অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থীর আবেদনপত্রের সকল তথ্য সঠিক। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগের সুপারিশ বাতিল এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

১১। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://biwta.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৯/০১/২০২৫খ্রি. সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৮/০২/২০২৫খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) **ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্তঃ**

Online-আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

(i) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন;

(ii) Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ হতে ১২ এ বর্ণিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ অফেরতযোগ্য ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ক্রমিক-১৩ হতে ১৭ এ বর্ণিত পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮/-(আঠারো) টাকাসহ অফেরতযোগ্য ১৬৮/-(একশত আটষট্টি) টাকা, ক্রমিক-১৮ হতে ৩৯ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ অফেরতযোগ্য ১১২/-(একশত বার) টাকা, ক্রমিক-৪০ হতে ৪৭ এ বর্ণিত পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য ৫৬/-(ছাপান্ন) টাকা। উল্লেখ্য, অনগ্রসর নাগরিক অর্থাৎ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীর জন্য (সকল গ্রেড) ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য ৫৬/-(ছাপান্ন) টাকা অনলাইনে Submit এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন; (iii) এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;

(iv) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.biwta.gov.bd ওয়েব সাইটে যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়। একই প্রবেশপত্র দিয়ে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে;

(v) প্রথম SMS: BIWTA < space > User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BIWTA ABCDEF
Reply: Applicant's Name, TK-112 Will be charged as application Fee. Your PIN is 12345678, To pay Fee Type BIWTA<space>YES<space>PIN and send to 16222 নম্বরে ।
(vi) দ্বিতীয় SMS: BIWTA<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BIWTA YES 12345678
Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for BIWTA Application for (Post Name) User Id is (ABCDEF) an password (xxxxxxxx)

১২। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://biwta.teletalk.com.bd) অথবা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.biwta.gov.bd)-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৩। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন
(i) User ID জানা থাকলে BIWTA<space>Help< space > User < space > User ID & Send to 16222.
Example: BIWTA Help User ABCDEF
(ii) Pin Number জানা থাকলে BIWTA<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: BIWTA Help PIN 12345678

১৪.০১.২০২৫
(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্ম-পরিচালক (মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা।

ডিসি-০৪৮/২৫ (৭২˝×৩)